

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
(সাধারণ শাখা)  
[www.sirajganj.gov.bd](http://www.sirajganj.gov.bd)

স্মারক নং-০৫.৪৩.৮৮০০.০০৭.৩৯.০০৩ (অংশ-৫).২২.১০৯

তারিখ : ২৬ পৌষ ১৪২৮  
১০ জানুয়ারী ২০২২

### গণবিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের ১০ জানুয়ারি ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৩১ নম্বর পত্রের নির্দেশনার প্রেক্ষিতে করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন-এর প্রাদুর্ভাব ও দেশে এই রোগের সংক্রমণ পরিস্থিতি পর্যালোচনায় দেশের আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় আগামী ১৩ জানুয়ারি ২০২২ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নবর্ণিত বিধি-নিষেধ আরোপ করা হলোঃ

০১. দোকান, শপিংমল ও বাজারে ক্রেতা-বিক্রেতা এবং হোটেল-রেষ্টোরাঁসহ সকল জনসমাগমস্থলে বাধ্যতামূলক সবাইকে মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় তাকে আইনানুগ শাস্তির সম্মুখীন হতে হবে;
০২. অফিস আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যত্যয় রোধে মোবাইল কোর্ট পরিচালিত হবে;
০৩. রেষ্টোরাঁয় বসে খাবার গ্রহণ ও আবাসিক হোটেলে থাকার জন্য অবশ্যই করোনা টিকা সনদ প্রদর্শন করতে হবে;
০৪. ১২ বছরের উর্ধ্বের সকল ছাত্র ছাত্রীকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখের পরে টিকা সনদ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেয়া হবে না;
০৫. ট্রেন, বাস এবং লঞ্চ সক্ষমতার অর্ধেক যাত্রী নেয়া যাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ বিষয়ে কার্যকারিতার তারিখসহ সুনির্দিষ্ট নির্দেশনা জারী করতে হবে। সর্বপ্রকার যানের চালক ও সহকারীদের আবশ্যিকভাবে কোভিড-১৯ টিকা সনদধারী হতে হবে;
০৬. বিদেশ থেকে আগত যাত্রীসহ সবাইকে বাধ্যতামূলক কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন ও Rapid Antigen Test করতে হবে;
০৭. স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজের খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন। জেলা প্রশাসন এবং উপজেলা নির্বাহী অফিসারগণ এ বিষয়টি নিশ্চিত করবেন;
০৮. সর্বসাধারণের করোনার টিকা এবং বুস্টার ডোজ গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় প্রচার এবং উদ্যোগ গ্রহণ করবে। এ ক্ষেত্রে জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;
০৯. কোভিড আক্রান্তের হার ক্রমবর্ধমান হওয়ায় উন্মুক্ত স্থানে সর্বপ্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশসমূহ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে; এবং
১০. বিশেষ কোনো পরিস্থিতির সৃষ্টি হলে সেক্ষেত্রে জেলা ও উপজেলা প্রশাসন সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

আদেশক্রমে

(ড. ফারুক আহাম্মদ)  
জেলা ম্যাজিস্ট্রেট  
সিরাজগঞ্জ।